352

দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 30 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## শিক্ষামন্ত্রী সমীপে

সরকার শিক্ষা ব্যবস্থার উন্নতিকল্পে প্রতি বৎসর প্রচুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দিতেছেন। বিদ্যালয়গুলিতে স্ট্যাপিং প্যাটার্ন অনুযায়ী শিক্ষক ও কর্মচারীকে এম,পি,ওভুক্ত করার পাশাপাশি শাখা শিক্ষক নিয়োগ স্থগিত রাখা হইতেছে। তদনুযায়ী একটি নিম্ন মাধামিক বিদ্যালয়ে সর্বমোট পাঁচজন শিক্ষক এম,পি,ওভুক্ত হন। কিন্তু একটি শ্রেণীতে ষাট জন-এর অধিক ছাত্র-ছাত্রী থাকিলে একাধিক শাখা করিয়া ক্লাস নিতে হয়। যদি শাখা শিক্ষক নিয়োগ স্থগিত থাকে, তবে যে সকল স্কুলে এক একটি শ্রেণীতে ১৫০ হইতে ২০০ ছাত্র-ছাত্রী সে সকল স্কুলে কীভাবে ক্লাস নেওয়া হইবে; তাহাছাড়া প্রতি বৎসরই ছাত্র-ছাত্রী ভর্তি সংখ্যা বৃদ্ধি পাইতেছে। শাখা শিক্ষক নিয়োগ স্থগিত থাকায় অনেক স্কুলে একটি শ্রেণীতে দুইটি বা তিনটি শাখার সমান সংখ্যক ছাত্র-ছাত্রী নিয়া ক্লাস করা হয়। ইহাতে পিছনের দিকে বসিয়া থাকা শিশু শিক্ষার্থীদের অনেকেই শিক্ষকের কথা শোনাতো দূরের কথা, শিক্ষকের মুখটি পর্যন্ত দেখিতে পায় না। স্বভাবতঃই পিছনে বসা শিক্ষার্থীদের পাঠ গ্রহণ ব্যাহত হয়। আর এই অসুবিধা দূর করার জন্য শাখা শিক্ষক নিয়োগের স্থগিতাদেশ বাতিল করিতে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ লোকমান হোসেন মন্টু
সহকারী শিক্ষক
চাকধ উচ্চ বিদ্যালয়,
ডাক ঃ চাকধ, থানা ঃ নড়িয়া,
জেলা ঃ শরীয়তপুর